দেশ

রাঙ্গাবালীতে বৈশাখী টিভির সাংবাদিককে নদীতে ফেলার চেষ্টা

রাঙ্গাবালী (পটুয়াখালী) সংবাদদাতা

প্রকাশ : ১৪ নভেম্বর ২০২৬, ০৭:০১ পিএম আপডেট : ১৪ নভেম্বর ২০২৬, ০৭:০১ পিএম

পছন্দসই সোর্সে যোগ করুন



পটুয়াখালীর রাঙ্গাবালীতে সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন বৈশাখী টেলিভিশনের উপজেলা প্রতিনিধি ফরাজী আবু তাহের। শনিবার (১৪ নভেম্বর) দুপুর ১২টার দিকে উপজেলার কোড়ালিয়া সংলগ্ন আগুনমুখা নদীতে একটি যাত্রীবাহী স্পিডবোটে এ ঘটনা ঘটে। এ ঘটনায় আমিনুর রহমান বিল্লাহ নামে এক ব্যক্তির বিরুদ্ধে সাংবাদিককে মারধর, হত্যার হুমকি এবং চলন্ত স্পিডবোট থেকে নদীতে ফেলে দেওয়ার চেষ্টার অভিযোগ উঠেছে।

অভিযুক্ত আমিনুর রহমান বিল্লাহ পটুয়াখালী জেলা শহরের সবুজবাগ ৭ নম্বর লেনের কাছে পটুয়াখালী সরকারি কলেজ সংলগ্ন এলাকার বাসিন্দা। তিনি স্পিডবোটে করে রাঙ্গাবালীর ছোটবাইশদিয়া ইউনিয়নের কাউখালীতে শ্বশুরবাড়ি যাচ্ছিলেন বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, কোড়ালিয়া-বোয়ালিয়া ও খালগোড়া-গলাচিপা নৌপথে চলাচলকারী স্পিডবোটে যাত্রীদের নিরাপত্তায় লাইফ জ্যাকেট ব্যবহার না করা এবং সন্ধ্যার পর অতিরিক্ত ভাড়া আদায়সহ বিভিন্ন অনিয়মের অভিযোগ রয়েছে। এসব বিষয়ে তথ্য সংগ্রহের জন্য শনিবার গলাচিপার বোয়ালিয়া থেকে রাঙ্গাবালীর কোড়ালিয়াগামী একটি যাত্রীবাহী স্পিডবোটের ভিডিও ধারণ করছিলেন সাংবাদিক আবু তাহের।

এ সময় স্পিডবোটে থাকা আমিনুর রহমান বিল্লাহ ভিডিও ধারণে বাধা দেন। এ নিয়ে কথা-কাটাকাটির একপর্যায়ে তিনি সাংবাদিকের ওপর চড়াও হন। ঘটনার ভিডিওতে আবু তাহেরকে এলোপাতাড়ি কিল-ঘুষি মারার পাশাপাশি হত্যার হুমকি দেওয়ার দৃশ্যও দেখা গেছে।

সাংবাদিক আবু তাহেরের অভিযোগ, স্পিডবোট কর্তৃপক্ষের পক্ষে অবস্থান নিয়ে আমিনুর রহমান বিল্লাহ তার কাছে ভিডিও ধারণের কারণ জানতে চান। নিজের সাংবাদিক পরিচয় দিয়ে বৈশাখী টেলিভিশনের প্রতিনিধি জানানোর পর তিনি আরও ক্ষিপ্ত হয়ে ওঠেন। একপর্যায়ে অকথ্য ভাষায় গালিগালাজ করে তার মুখমণ্ডল, মাথা ও কপালে একের পর এক কিল-ঘুষি মারেন।

এমনকি চলন্ত স্পিডবোট থেকে ধাক্কা দিয়ে তাকে নদীতে ফেলে দেওয়ারও চেষ্টা করা হয় বলে অভিযোগ করেন আবু তাহের। এতে ব্যর্থ হয়ে তাকে তুলে নেওয়ার জন্য স্পিডবোটটি বোয়ালিয়া ঘাটে ফিরিয়ে নিতে চালককে নির্দেশ দেন অভিযুক্ত ব্যক্তি। এ ছাড়া ঘটনার ভিডিও মুছে ফেলার উদ্দেশ্যে তার হাতে থাকা মোবাইল ফোনটি টেনেহিঁচড়ে কেড়ে নেওয়ার চেষ্টা করা হয়।

অভিযোগের বিষয়ে জানতে আমিনুর রহমান বিল্লাহর মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'এগুলোর কোনো বাস্তবতা আছে? একটু আগে আমি গলাচিপা এসেছি। কালকে আপনি সামনাসামনি এসে কথা বলেন।' এরপর তিনি অভিযোগের বিষয়ে বিস্তারিত কিছু না বলে প্রসঙ্গটি এড়িয়ে যান।

রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসিম উদ্দিন বলেন, বিষয়টি খুবই ন্যক্কারজনক। এ ঘটনায় অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাজমুল হাসান বলেন, সংবাদ সংগ্রহ করতে গিয়ে একজন সাংবাদিকের হামলার শিকার হওয়ার ঘটনা খুবই দুঃখজনক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বলা হয়েছে।

সর্বশেষ সর্বাধিক পঠিত

১ দেশে একের পর এক বোমা হামলা, অগ্নিসংযোগ ও সন্ত্রাসী কর্মকাণ্ড ঘটছে: ১১ দলীয় ঐক্য

২ ডাবল সেঞ্চুরিতে সেরা মোসাদ্দেক

৩ বগুড়ায় অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যের বাড়িতে ডাকাতি, যা জানা গেল

৪ শিক্ষায় এডিবির সহযোগিতা বাড়ানোর আহ্বান শিক্ষামন্ত্রীর

৫ নারী ও কন্যাশিশুর প্রতি সহিংসতা নিয়ে প্রতিবেদন তৈরিতে ইউএনএফপিএর ফেলোশিপ

৬ আমতলীতে ইউপি প্রশাসককে অনাস্থা!

৭ কৃষ্ণসাগরে তিন জাহাজে ড্রোন হামলা

৮ দেশভাগ ও হাসান আজিজুল হক : হৃৎপিণ্ড চেরাইয়ের বেদনা

৯ দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

১০ 'স্বপ্নে' শীতের পণ্যে ৫০ শতাংশ ছাড়

এই পাতার আরও খবর




রাঙ্গাবালীতে খালে বাঁধ দেওয়ার চেষ্টা, প্রতিবাদে মানববন্ধন



পায়রা বন্দরে চীনা জাহাজ, টার্মিনালে যুক্ত হচ্ছে আধুনিক ৫ ইকুইপমেন্ট



রাঙ্গাবালীতে সাপের কামড়ে যুবকের মৃত্যু



সোনারচরে বজ্রপাতে রাখালের মৃত্যু



রাঙ্গাবালীতে দুই পক্ষের সংঘর্ষ, আহত ১৪

কর্মকর্তাকে ক্ষমা চাইতে হবে।

এদিকে সংবাদ সংগ্রহকালে সাংবাদিকের ওপর হামলার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে রাঙ্গাবালী প্রেস ক্লাব। একই সঙ্গে ঘটনার সুষ্ঠু তদন্ত করে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে সংগঠনটি।

বিষয়: রাঙ্গাবালী

দেশ রূপান্তরের খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

এ সম্পর্কিত আরও পড়ুন



রাঙ্গাবালীতে খালে বাঁধ দেওয়ার চেষ্টা, প্রতিবাদে মানববন্ধন



পায়রা বন্দরে চীনা জাহাজ, টার্মিনালে যুক্ত হচ্ছে আধুনিক ৫ ইকুইপমেন্ট



রাঙ্গাবালীতে সাপের কামড়ে যুবকের মৃত্যু



সোনারচরে বজ্রপাতে রাখালের মৃত্যু

Copyright © 2018-2026, Desh Rupantor

সম্পাদক: মুস্তাফিজ শফি । প্রকাশক: মাহির আলী খান রাতুল

রূপায়ণ মিডিয়া অ্যান্ড কমিউনিকেশনস লিমিটেড
রূপায়ণ ট্রেড সেন্টার, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলা মোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : +৮৮০-৯৬১০-১১২৪৪ । ফ্যাক্স : +৮৮০-২-৪১০৩০৩১৯-২০ । ইমেইল : news@deshrupantor.com